R. N. No. 2532/57 Phone No. RGG.112 Regd No.—WB/MSD—4

টেলিফোন : ৩৪-১৫৫২
রিপ্রোডাক্সন সিন্ডিকেট
ঝকঝকে ছাপা, পরিষ্কার ব্লক ও সুন্দর ডিজাইন
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

সকলের প্রিয় এবং মুখরোচক
স্পেশাল লাড্ডু
ও
শ্লাইজ ব্রেডের
জনপ্রিয় প্রতিষ্ঠান
সতীমা বেকারী
মির্জাপুর
পোঃ ঘোড়শালা (মুর্শিদাবাদ)

৭৩শ বর্ষ. ৩০শ সংখ্যা

রঘুনাথগঞ্জ ১৫ই পৌষ বুধবার, ১৩৯৩ সাল। ৩১শে ডিসেম্বর, ১৯৮৬ সাল।

নগদ মূল্য : ৩০ পয়সা
বার্ষিক ১৫্ সডাক

## কমিউনিষ্ট ইউনিটি সেন্টারের রাজ্য সম্মেলন হয়ে গেল

আবদুস সামাদ, ফরাক্কা : গত ২৭ ডিসেম্বর পশ্চিমবঙ্গের বিক্ষুব্ধ ও বহিষ্কৃত সি, পি, আই (এম) গোষ্ঠী এখানে কমিউনিষ্ট ইউনিটি সেন্টারের দ্বিতীয় রাজ্য সম্মেলনে নব গঠিত মার্কসিষ্ট কমিউনিষ্ট পার্টি অব ইণ্ডিয়া দলে যোগ দেবেন বলে সিদ্ধান্ত নেন। প্রতিনিধি সম্মেলনে প্রায় ২৬০ জন বিক্ষুব্ধ ও বহিষ্কৃত প্রতিনিধিসহ অন্ধ্র প্রদেশ, নকশালবাড়ী ও বিহারের সি পি এম বিধায়ক পি, শঙ্কর, পাত্রাস মিনজ, এস, এস, শ্রীবাস্তব এবং কে, এন, দুবে উপস্থিত ছিলেন। পশ্চিমবাংলার অন্যান্য জেলার চেয়ে নদীয়া জেলার বিদ্রোহী নেতা ও কর্মীদের এই সম্মেলনে ভীড় ছিল বেশী মাত্রায়। সম্মেলন আরম্ভ হওয়ার আগে পশ্চিমবঙ্গের নেতা কমঃ সুধীর ভট্টাচার্য্য ও এস, এস, শ্রীবাস্তব এক সাংবাদিক বৈঠকে দলের উদ্দেশ্য ও বিভিন্ন কর্মপন্থা বিশদভাবে ব্যক্ত করেন। তাঁরা বলেন, বিগত সুদীর্ঘ পঁয়ষট্টি বছরে ভারতের কমিউনিষ্ট আন্দোলনে বিভিন্ন সময়ে গুরুত্বপূর্ণ মতাদর্শগত সংগ্রাম হয়েছে। পার্টি নেতৃত্ব অধিকাংশ ক্ষেত্রে সংগ্রামগুলিকে অর্দ্ধপথে বন্ধ করে দিয়েছে। পরিণতিতে পার্টি একাধিকবার বিভক্ত হয়েছে। পঃ বঙ্গের সি পি আই (এম) তথা বামফ্রন্ট বর্ত্তমান সমাজ ব্যবস্থা পরিবর্ত্তনে আগ্রহী নয়। তারা চায় নিজেদেরকে শোষকশ্রেণীর বিশ্বস্ত সেবাদাসে পরিণত করতে। দীর্ঘ নয় বৎসর কাল একটানা রাজত্ব করার পর বামফ্রন্ট মন্ত্রীসভার চেহারা অনেক বেশী নগ্ন হয়ে পড়েছে। নীতিগতভাবে বর্ত্তমানে এই মন্ত্রীপরিষদের সাথে কংগ্রেসী মন্ত্রীসভার কোন মৌলিক পার্থক্য নেই। সি পি আই (এম), আর এস পি, সি পি আই, ফরওয়ার্ড ব্লক দলগুলি আজ সংগ্রামী চরিত্র হারিয়ে ফেলে সাম্রাজ্যবাদী পুঁজি ও মালিক শ্রেণীর পক্ষে প্রকাশ্যে ওকালতি করছে। মতাদর্শগত রাজনৈতিক ও আন্তর্জাতিক প্রশ্নে সঠিক ও নির্ভুল পথ ধরে এই পার্টি গড়ে তোলার প্রক্রিয়াটি শুধুমাত্র চিন্তাভাবনার মধ্যে আজ আর আবদ্ধ নয়, বিহারে ও কেরালায় সংগঠিতরূপে তার আত্মপ্রকাশ ঘটেছে, আর তা ক্রমশঃ প্রসারিত হয়েছে উত্তর প্রদেশ, তামিলনাড়ু; রাজস্থান ও অন্ধ্রপ্রদেশে। সম্মেলনের ব্যবস্থাপনায় সি পি এমের প্রবীণ নেতা জেরাত আলী, পরিচয় দাশগুপ্ত ও ভোলা গুপ্ত প্রমুখ (৪র্থ পৃষ্ঠায়)

## প্রাথমিক শিক্ষক নিয়োগে টাকার খেলা চলেছে বলে অভিযোগ

রঘুনাথগঞ্জ : সম্প্রতি মুর্শিদাবাদ জেলা স্কুল বোর্ড থেকে প্রাথমিক শিক্ষকের নিয়োগপত্র পেলেন বেশ কিছু ভাগ্যবান যুবক। এদের মধ্যে রয়েছেন তাবড় তাবড় সি, পি, এম নেতার আত্মীয় ও আত্মীয়া। অবশ্য যে ৪৫০ জনের নিয়োগপত্র বের হয়েছে তাতে সি, পি, এমের সমর্থক সত্যই অনেক কম। কিন্তু সি, পি, এম নেতাদের আত্মীয় আত্মীয়াদের নিযুক্তি দলীয় কর্মীদের বিক্ষুব্ধ করে তুলেছে। সংবাদে জানা যায়, নবগ্রাম, সাগরদীঘি, রঘুনাথগঞ্জে দলের অফিসে এই বিক্ষোভ ফেটে পড়ে। নবগ্রামে স্থানীয় উর্দ্ধতন জনৈক নেতাকে কর্মীরা ঘেরাও করে ও অশ্লীল গালাগাল করে। শেষ পর্য্যন্ত বহরমপুর থেকে নেতারা এসে আরোও একটি প্যানেল বের হবে কথা দিয়ে তাঁকে ঘেরাও মুক্ত করেন। সাগরদীঘিতেও জানা যায় গিয়াসুদ্দিন মির্জাকে সাধারণ কর্মীরা নানাভাবে অপদস্ত করে, যার ফলে সি, পি, এম অফিস বেশ কিছু দিন বন্ধ রাখতে হয়। জঙ্গিপুরেও এই নিয়োগকে কেন্দ্র করে সাধারণ কর্মীরা ও সমর্থকরা পার্টি নেতাদের কাছে প্রতিবাদ জানায়। শেষ পর্য্যন্ত এখানেও বিক্ষোভ চাপা দিতে আরেকটি নিয়োগ তালিকা বার করার আশ্বাস দেওয়া হয়। সাম্প্রতিক নিয়োগ তালিকা বিশ্লেষণ করলে দেখা যায় যে কটি নিয়োগ হয়েছে তার প্রায় অধিকাংশই অবস্থাপন্ন ঘরের যুবক। বিক্ষুব্ধরা অভিযোগ করেন, নিয়োগে টাকার খেলা চলেছে। যারা টাকা ঢালতে পেরেছে তারাই চাকরী পেয়েছে, আর পেয়েছে নেতাদের আত্মীয় আত্মীয়ারা।

## ২নং পঞ্চায়েত সমিতির সভাপতির তুঘলকি কাণ্ড

জঙ্গিপুর : গিরিয়া অঞ্চলের আই, আর, ডি, পি-র টাকা পেল না অনুমোদিত ব্যক্তিরা এই মর্মে এক সংবাদ পাওয়া যায়। ঘটনার বিবরণে প্রকাশ, দারিদ্র সীমার নীচে বসবাসকারী ব্যক্তিদের এক তালিকা প্রস্তুত করেন সরকারী কর্মীরা অঞ্চল সার্ভে করে। নিয়মানুযায়ী সেই তালিকা যুগ্ম অনুসন্ধান করতে অঞ্চল, ব্যাঙ্ক এবং ব্লক প্রতিনিধিরা গত ২২ নভেম্বর মিঠিপুর গ্রামে উপস্থিত হন ও তালিকাভুক্ত ব্যক্তিদের ডেকে তদন্ত শুরু করেন। হঠাৎ সেখানে রঘুনাথগঞ্জ ব্লক ২নং ব্লকের পঞ্চায়েত (৪র্থ পৃষ্ঠায়)

## গ্রাহকদের প্রতি

১ জানুয়ারী ১৯৮৭ থেকে ডাক বিভাগ সংবাদপত্রের ডাকমাশুল ৫ পয়সার স্থলে ১৫ পয়সা বৃদ্ধি করায় বাধ্য হয়েই আমাদের জঙ্গিপুর সংবাদের বার্ষিক মূল্য পাঁচ টাকা বৃদ্ধি করতে হ'লো। আমরা বিশ্বাস রাখি সহৃদয় গ্রাহকমণ্ডলী এই অনিচ্ছাকৃত মূল্যবৃদ্ধি সমর্থন করবেন।

জঙ্গিপুর সংবাদের সংশোধিত মূল্য ১ জানুয়ারী থেকে প্রতি সংখ্যা ৪০ পয়সা এবং বার্ষিক ২০ টাকা করা হলো।

কর্মাধ্যক্ষ : জঙ্গিপুর সংবাদ

## ওসি সাসপেণ্ড

গত ২১ ডিসেম্বর রঘুনাথগঞ্জ থানার সন্ন্যাসীডাঙ্গা বাস ষ্ট্যাণ্ডের কাছে খেজুরতলা গ্রামের জনৈক ব্যবসায়ী ভাদু সেখের বিয়াল্লিশ হাজার টাকা জোর জবরদস্তি কেড়ে নেওয়ার অভিযোগে সুতী থানার ওসি বিভাস গাঙ্গুলী ও সেকেণ্ড অফিসার অসীম লাহিড়ীকে মুর্শিদাবাদের পুলিশ সুপার জি, আর ভগত আজ ৩১ ডিসেম্বর সাসপেণ্ড করেন। রেডিওগ্রামে সমস্ত থানায় এই খবর জানিয়ে দেওয়া হয়।

১৯৮৬ সালের নতুন চা—গৌহাটী, শিলিগুড়ি ও কলকাতার বাজার দরের সাথে সমতা রক্ষা করে চা ভাণ্ডারে পাওয়া যাচ্ছে "পাইকারী চা"। বেকার ও নতুন ব্যবসায়ীদের জন্য বিশেষ ব্যবস্থা আছে। চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।

ডায়মণ্ড বেকারী
রঘুনাথগঞ্জ ॥ মুর্শিদাবাদ
ভ্যারাইটিজ পাউরুটি ও বিস্কুট
প্রস্তুতকারক

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

**জঙ্গিপুর সংবাদ**

১৫ই পৌষ বুধবার, ১৩৯৩ সাল

# নাভিশ্বাস

আলোচ্য বিষয়টি শুধু এই রাজ্য সম্পর্কিত নয়, ভারতের বিভিন্ন রাজ্যের ক্ষুদ্র পত্র-পত্রিকা যাহা মফঃস্বল শহর হইতে সাপ্তাহিক বা অর্দ্ধ-সাপ্তাহিক হিসাবে গ্রাম-গ্রামান্তের পাঠকদের নিকট আপন আপন অঞ্চলের বিভিন্ন সংবাদ পৌঁছাইয়া দেয়, সেই সব পত্রিকা নানা প্রতিকূলতার মধ্যেও কোনও ক্রমে আপন অস্তিত্বকে বজায় রাখিবার প্রাণ-পণ প্রয়াস চালাইলেও বর্তমানে এক বিষম সমস্যার সম্মুখীন হইয়াছে। আর এই সমস্যা রাজ্যস্তরের সৃষ্ট নয়, স্বয়ং কেন্দ্রীয় সরকারী স্তরের এবং ইহার উপর কাহারও হাত নাই।

মফঃস্বল অঞ্চলের ক্ষুদ্র পত্রিকা সাধারণতঃ পাঠক-সমাজের দাক্ষিণ্যের উপরই নির্ভর করিয়া চলে। ব্যবসায়িক বিজ্ঞাপন ও সরকারী বিজ্ঞাপন হইতে লব্ধ অর্থ এবং গ্রাহক সাধারণের নিকট হইতে প্রাপ্ত অর্থ আশাপ্রদ নয়। পত্রিকা প্রকাশের ব্যয়ভার মিটাইয়া যে লভ্যাংশ পাওয়া যায়, তাহাতে পত্রিকাটিকে কোনও মতে চালাইতে পারা যায় মাত্র। গ্রামে গ্রামে গ্রাহক সংখ্যা বাড়িলেও কিছু আশা করা যাইত। কিন্তু গ্রামে সাধারণত সম্পন্ন গৃহস্থ পত্রিকার গ্রাহক হন, অন্যেরা তাহা পাঠ করিবার সুযোগ পান। তাই একই গ্রামে বিভিন্ন গৃহস্থ ইহার গ্রাহক হন খুবই কম। মফঃস্বল অঞ্চলের ব্যবসায়িক বিজ্ঞাপনের প্রকাশ মূল্যের হার বড় পত্রিকায় প্রকাশ মূল্যের হারের তুলনায় অতি ক্ষুদ্র ভগ্নাংশমাত্র। আবার সরকারী বিজ্ঞাপন নিয়মিত হয় না। সুতরাং মফঃস্বলের ক্ষুদ্র পত্রিকাকে প্রচণ্ড সংগ্রাম করিয়া আপন অস্তিত্ব বজায় রাখিতে হয়।

কিন্তু এই সংগ্রামের উপর আবার একটি আঘাত আসিয়া পড়িল। পত্রিকা ডাকযোগে প্রেরণের জন্য এ পর্যন্ত মাশুল ৫ পয়সা আছে। কেন্দ্রীয় সরকার এই পাঁচ পয়সার বদলে ১৫ পয়সা করিবার সিদ্ধান্ত লইয়াছেন। ফলতঃ গ্রাহক সাধারণকে এই বর্দ্ধিত ডাক-মাশুল বহন করিতে হইবে। গ্রামের মানুষ যাঁহারা বেশীর ভাগই দরিদ্র, যাঁহারা নিত্য-প্রয়োজনীয় দ্রব্যাদি সংগ্রহ করিতে হিমসিম খাইতেছেন, আবার এক আর্থিক চাপের মধ্যে পড়িবেন এবং এমনও হইতে পারে যে, ক্ষুদ্র পত্রিকার প্রচার সংখ্যা কমিয়া যাইবে। অনেকেই গ্রাহকত্ব বন্ধ করিতে পারেন এবং বহু জনই নূতনভাবে গ্রাহক হইতে চাহিবেনও না। তাই ক্ষুদ্র পত্রিকার নাভিশ্বাস। কিন্তু বৃহৎ পত্রিকার পক্ষে এমন সমস্যা নাই। তাঁহাদের ব্যবসায়িক বিজ্ঞাপন প্রচুর, সরকারী বিজ্ঞাপন নিয়মিত। গ্রাহক সংখ্যা প্রচুর। তাঁহারা যতবার পত্রিকার মূল্যবৃদ্ধি করেন, ক্ষুদ্র পত্রিকার সে সুযোগ নাই। অথচ এই ক্ষুদ্র পত্রিকা মফঃস্বল অঞ্চলে গণসংযোগ রক্ষার ব্যাপারে যথেষ্ট গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করিয়া থাকে।

উল্লেখিত ডাকমাশুল বৃদ্ধি ক্ষুদ্র পত্রিকার উপর প্রযুক্ত হইলে পত্রিকার মূল্যবৃদ্ধি অনি-বার্য হইবে, গ্রাহকগণ ইহাতে বিরূপ হইবেন এবং পত্রিকার প্রচার সংখ্যা কমিয়া যাইতে পারে আর তাহাতে ক্ষুদ্র পত্রিকা অনেক ক্ষেত্রে বন্ধ হইয়া যাইতে পারে। প্রেস কাউ-ন্সিল অব ইণ্ডিয়ার চেয়ারম্যান মাননীয় এ, এন, সেন মহাশয় স্বীকার করিয়াছেন যে, ক্ষুদ্র পত্র-পত্রিকার গুরুত্ব অপরিসীম এবং জনজীবনের ভিত্তিতে আছে এই সব পত্রিকার অবস্থান। পত্রিকার ডাকমাশুল বৃদ্ধিতে কি তাহার উপর এক বিরাট আঘাত আসিবে না? ক্ষুদ্র পত্রিকাকে এই বর্দ্ধিত ডাক-মাশুলের আওতা হইতে কেন্দ্রীয় সরকার কি বাদ দিতে পারেন না?

## *বিবেকানন্দ পাঠচক্রের সেবাকার্য্য*

রঘুনাথগঞ্জঃ স্থানীয় বিবেকানন্দ পাঠচক্র তাঁদের সেবামূলক কর্মকাণ্ডের মাধ্যমে বৃক্ষ-রোপণ, শহর সাফাই অভিযান, হাসপাতালে রোগীদের মধ্যে ফল বিতরণ, পণপ্রথা বিরোধী কনভেনশন প্রভৃতি করার পর গত নভেম্বর মাস থেকে একটি বয়স্ক শিক্ষাকেন্দ্র পরি-চালনার কর্মসূচী গ্রহণ করেছেন।

## *ঘরের বাইরে*

গত ২১ ডিসেম্বর রঘুনাথগঞ্জ উচ্চ বিদ্যালয়ের সম্পাদক, প্রধান শিক্ষক এবং সহকারী শিক্ষক ও অশিক্ষক ষ্টাফ রিজার্ভ বাসযোগে বক্রেশ্বর ও তারাপীঠ প্রমোদ ভ্রমণে গিয়েছিলেন। বিদ্যালয়ের সর্বশ্রেণীর কর্মী ও কর্তৃপক্ষের এরূপ একত্র ভ্রমণ এই প্রথম এবং তা খুবই উপভোগ্য হয়েছিল।

## *সরকারী বাসগৃহ অযত্নে*

জঙ্গিপুরঃ রঘুনাথগঞ্জ-২নং ব্লকের কাশিয়া-ডাঙ্গায় অবস্থিত নদী ও সেচ বিভাগের একটি বিশালাকার গৃহ অযত্নে নষ্ট হয়ে যাচ্ছে। কয়েক লক্ষ টাকা ব্যয়ে তৈরী এই গৃহটির দরজা জানালা যে কোন মুহূর্ত্তে চুরি হয়ে যেতে পারে। অথচ সংশ্লিষ্ট বিভাগ এর যথাযথ রক্ষণাবেক্ষণের কোনো ব্যবস্থা নিচ্ছেন না।

## *সাড়ে চার দিনে সপ্তাহ চালু*

জঙ্গিপুরঃ চলতি মাস থেকে স্থানীয় কাশিয়া-ডাঙ্গায় ব্যাঙ্ক অফ বরোদা শাখা অফিসে সাড়ে চারদিনে সপ্তাহ চালু হলো। জনৈক ব্যাঙ্ককর্মী জানালেন, খুব শীঘ্র রঘুনাথগঞ্জ ও জঙ্গিপুরের ব্যাঙ্কগুলিতেও সাড়ে পাঁচদিনের স্থলে সাড়ে চারদিনে সপ্তাহ চালু হবে। অর্থাৎ ব্যাঙ্কগুলিতে সপ্তাহে আরোও একদিন সাধারণের জন্য কাজ বন্ধ থাকবে। এমনিতেই সাড়ে পাঁচদিন চালু থাকাতে ব্যাঙ্কে কাজের চাপে সাধারণ মানুষের নাভিশ্বাস উঠে, আরও একদিন কম হ'লে দুর্গতি আরো বাড়বে বলে ভুক্তভোগীরা মনে করছেন।

## *চাষের মিনিকিট বাজারে বিক্রী হচ্ছে*

জঙ্গিপুরঃ স্থানীয় মহাবীর তলায় কৃষি উন্নয়ন আধিকারিকের গুদামের মিনিকিট মুদিখানার দোকানে বিক্রী হচ্ছে খাদ্যশস্য হয়ে। তথ্যা-নুসন্ধান করতে গিয়ে জানা যায় মিনিকিট বণ্টনে দুনম্বরী কারবারই এর জন্য দায়ী। ভূতুড়ে নামে এইসব মিনিকিট অফিস থেকে নাকি বিলি করা হয়েছে জাল টিপসহি দিয়ে। ফলশ্রুতি গোপন পথে সেসব এসে হাজির হয়েছে বেশ কিছু মুদিখানার দোকানে। স্থানীয় মানুষের অভিযোগ, এ ব্যাপারে শুধু পঞ্চায়েতই নয় অফিসের কর্মীদেরও যোগ-সাজস আছে।

## *জঙ্গিপুর-রঘুনাথগঞ্জে নতুন চিকিৎসক*

সম্প্রতি ডাঃ (মিসেস) যূথিকা রায় এম-বি-বি-এস (ক্যাল), ডি-সি-জি-ও রঘুনাথগঞ্জে চিকিৎসা শুরু করেছেন। ফুলতলায় আশা-পূর্ণা কালীর যেখানে পূজা হয় তার কাছে নিজস্ব চেম্বারে প্রতিদিন সকাল সাড়ে আটটা থেকে বেলা সাড়ে বারোটা পর্যন্ত তিনি রোগী দেখবেন।

জঙ্গিপুরের পারে বর্ত্তমানে ডাক্তারের খুব অভাব। ডাক্তার বিক্রম রায় এম-বি-বি-এস (ক্যাল), এম এ এম এস. এফ আর এস এইচ (লণ্ডন) জঙ্গিপুর বরোজের চেম্বারে রোগী দেখা শুরু করেছেন। ডাঃ যূথিকা রায়ও বরোজে রোগী দেখবেন। (এ, এন ২০)

# National Thermal Power Corporation Ltd.

(NTPC) FARAKKA SUPER THERMAL POWER PROJECT
FARAKKA : MURSHIDABAD ; WEST BENGAL

Ref. No. FS : 42 : O & M (Contracts) : 313 Date :

Sealad Tenders are invited from experienced & resourceful Contractors for the following work. Tender documents can be obtained in person showing the Registration and Credentials from the office of undersigned during working hours of the date mentioned for sale of documents on payment of cost of Tender documents for the work. Tenderer desiring documents by post should send Rs. 20/- only extra for the work, either by I. P. O. payable at post office, Khajuriaghat or Demand Draft in favour of NTPC Ltd., payable on State Bank of India at Farakka along with a copy of proof registration and credentials.

Tender documents will be on sale from 2nd. Jan. '87 to 12th. Jan. '87 from 9-00 hrs. to 12-00 hrs. & 14-30 hrs. to 16-00 hrs. Tenders will be opened on the following days, in presence of tenderers or their authorised representatives at 14-00 hrs.

| Sl. No. | Name of work | Approx. value of work (Rs) | Earnest Money (Rs) | Cost of Tender paper | Date of opening | Duration |
|---|---|---|---|---|---|---|
| 1. | Lighting Maintenance in plant F. S. T. P. P. | Rs. 1,10,000 | Rs. 2200 | Rs. 50/- | 12th. Jan. '87 | 6 (six) months |

**Terms and Conditions :**

i) Proof of Registration, Tax Clearance Certificates and other credentials are to be shown at the time of obtaining forms and should be submitted along with the Tender.

ii) Tenders received late and/OR without earnest money will not be entertained. Adjustment of Earnest money against any running bill is not acceptable and Earnest money to be submitted in any of the "Acceptable Form" as mentioned in Tender papers. Tenderers Registered with any other project of NTPC are not exempted from depositing EMD.

iii) NTPC takes no responsibility for delay OR non-receipt of Tender documents sent by post.

iv) NTPC does not bind itself to accept the lowest offer OR any offer and reserves the right to cancel any OR all offers without assigning any reason.

v) The G. C. C. shall also be binding besides the special conditions which can be seen in the office of the undersigned.

**MANAGER (O&M/MTP)**
NTPC/F. S. T. P. P.

## তুঘলকি কাণ্ড

(১ম পৃষ্ঠার পর)

সমিতির সভাপতি উপস্থিত হয়ে তদন্ত বন্ধ করার নির্দেশ দিয়ে প্রতিনিধিদের ফিরে যেতে বলেন। ঐ অঞ্চলের প্রধান এতে ক্ষুব্ধ হয়ে তাঁর তুঘলকি আদেশের প্রতিবাদ করলে সভাপতি নাকি বলেন তাঁর মনোমত কিছু ব্যক্তির নাম ঐ তালিকায় বাদ পড়েছে, অতএব উনি তদন্ত চলতে দেবেন না। এ ব্যাপারে গোলমাল মেটাতে শেষ পর্য্যন্ত বি, ডি, ও নিজে আর একটি দিন স্থির করেন। কিন্তু পদাধিকার বলে পঞ্চায়েত সমিতির সভাপতি তাতেও বাধা দেন। গত ১৭ ডিসেম্বর বি, ডি, ও এক বৈঠকে সরকারী সার্কুলারের নিয়ম মেনে তালিকা পুনরায় তৈরী করতে বললে প্রধান তাঁর সে প্রস্তাব মেনে নেন, কিন্তু তথাপি সেই অনুমোদন তালিকাও নাকি সভাপতি পদাধিকার বলে নাকচ করে দেন।

সর্বশেষ সংবাদে প্রকাশ, ১৮ ডিসেম্বর এস, ডি, ও এর হস্তক্ষেপে এই সংঘাতের পরিসমাপ্তি ঘটে। বি, ডি, ও এবং প্রধানের অনুমোদিত তালিকা সভাপতি মেনে নেন। সভাপতিকে না জানিয়ে যৌথ পরিদর্শনের ব্যবস্থা করার জন্য বি, ডি, ও এবং প্রধান সভাপতির কাছে ক্ষমা চেয়ে নেন।

## রাজ্য সম্মেলন হয়ে গেল

(১ম পৃষ্ঠার পর)

সক্রিয় অংশ নেন। ২৮ ডিসেম্বর সম্মেলনের প্রকাশ্য সভায় মেঘলা আবহাওয়ার জন্য তেমন কিছু লোক সমাগম হয়নি। জন সমাবেশ দেখে উদ্যোক্তাদের মনোভাব কিছুটা নরম পরিলক্ষিত হয়। সভায় ১৫ জনকে নিয়ে গঠিত রাজ্য কমিটির নাম ঘোষণা করা হয়। কমঃ সুধীর ভট্টাচার্য্য রাজ্য কমিটির সম্পাদক নির্ব্বাচিত হন। এবং রাজ্য কমিটি থেকে কমঃ সুধীর ভট্টাচার্য্য ও কমঃ পরিচয় দাশগুপ্তকে কেন্দ্রীয় কমিটিতে মনোনীত করা হয়। কেরালার বহিষ্কৃত সি পি এম নেতা এম, ভি, রাঘবন এই সম্মেলনে উপস্থিত হননি। সম্মেলনে উত্থাপিত রাজনৈতিক খসড়া প্রস্তাবে সি পি এমকে সংশোধনবাদী ও সুবিধাবাদী দল হিসেবে উল্লখ করা হয়। সভায় পারমাণবিক যুদ্ধের বিরুদ্ধে ও নিকারাগুয়ার জনগণের সমর্থনে প্রস্তাব গৃহীত হয়।

## বিজ্ঞপ্তি

মোঃ জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

মোঃ নং ৫/৮৩ মানিজারী

দাবীকৃত টাকা ৯৩২-৭৯ ধার্য্য দিন ২-২-৮৭

ডিগ্রিদার—জামসেদ আলি পিতা ৺রিয়াজুদ্দিন সেখ

সাং গোঠা মদনপুর থানা সুতী

দেন্দার ১। প্রতিভাসুন্দরী দেবী স্বামী শিবচন্দ্র ঘোষ

২। ভারতী দাসী স্বামী শম্ভুনাথ বক্সী

৩। সুপ্রভারাণী সিংহ স্বামী বিজয়কুমার সিংহ

সর্ব্ব সাং হিলোড়া থানা সুতী

তপশীল

১। জেলা মুর্শিদাবাদ থানা সুতী মৌজা হিলোড়া মধ্যে সালিয়ানা ৪৷৷০ টাকা জমার অন্তর্গত থঃ নং দাগ নং পরিমাণ

২৮৬৬ ৭০৪৬ ৪১ মধ্যে ২০৷৷০

৭০৪৮ ৪৭ ,, ২৩৷৷০

৪৪ শতক রায়ত স্থিতিবান পরতামত খাজনা ২৷৷০ টাকা মূল্য ৫০০৲

টাকা মূল্য ৫০০৲

২। জেলা ঐ মৌজা ঐ মধ্যে সালিয়ানা ৵২ পাই জমার অন্তর্গত

থং নং দাগ নং পরিমাণ

১৪৯২ ৭৩৭৭ ৩৭ মধ্যে ১৩ শতক পরতামত খাজনা ।০ আনা স্থিতিবান স্বত্ব মূল্য ১৫০৲

৩। জেলা ঐ মৌজা ঐ মধ্যে সালিয়ানা ১৫/৬ পাই জমার অন্তর্গত

থঃ নং দাগ নং পরিমাণ

৩৯৬৮ ৮২২৪ ০৬ মধ্যে ১৷৷০

৮২২৬ ৪৭ ,, ১২/১৩৷৷০ শতক

৭৯৮৯ ৯৭ ,, ৪৮৷৷০

৬২ শতক মধ্যে খাজনা ৷৷০ আনা স্থিতিবান মূল্য ২০০৲

৪। জেলা ঐ মৌজা গাম্ভিরা সালিয়ানা /৬ পাই মধ্যে

থঃ নং দাগ নং পরিমাণ

১:৮১ ৩৮৩৪ ০২ পাহাড় স্থিতিবান স্বত্ব মূল্য ১৫

By order of the Court

Sheristadar, Munsif 1st Court, Jangipur

## বিশেষ বিজ্ঞপ্তি

### বিবেকানন্দ বিদ্যানিকেতন

ইংরাজী মাধ্যম বিদ্যালয়, স্থাপিত ১৯৭৭

১৯৮৭ শিক্ষাবর্ষে শিশু ভর্ত্তির জন্য ফর্ম দেওয়া হচ্ছে। নার্শারী প্রিপারেটরী ও কেজি ক্লাসে তিন হতে ছয় বছরের শিশুদের ভর্ত্তি করা চলে। ষ্ট্যাণ্ডার্ড ওয়ান হতে ফাইভে ভর্ত্তি হতে গেলে এ্যাডমিসন টেষ্ট দিতে হয়। যোগাযোগ করুন।

যোগাযোগের ঠিকানা ঃ

১। জোতকমল জুঃ হাই স্কুল ২। ম্যাকেঞ্জী পার্ক ফ্রিঃ প্রাঃ স্কুল

গ্রাম ঃ জোতকমল পোঃ রঘুনাথগঞ্জ

পোঃ জঙ্গিপুর

সময় সকাল ৭টা হতে ৯টা পর্যন্ত।

২৫-১১-৮৬ ভারপ্রাপ্ত শিক্ষক

যৌতুকে VIP

সকল অনুষ্ঠানে VIP

ভ্রমণেরসাথী VIP

এর জুড়ি কি আর আছে!

সংগ্রহ করতে চলে আসুন দুলুর দোকানের

VIP সেন্টারে

এজেন্ট

প্রভাত ষ্টোর দুলুর দোকান

রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

বসন্ত মালতী

রূপ প্রসাধনে অপরিহার্য

সি, কে, সেন এ্যাণ্ড কোং

লিমিটেড

কলিকাতা ॥ নিউ দিল্লী

ফ্রি সেলে নন লেভি এ সি সি সিমেন্ট রঘুনাথগঞ্জ ও জঙ্গিপুরে আমরা সরবরাহ করে থাকি কোম্পানীর অনুমোদিত ডিলার

ইউনাইটেড ট্রেডিং কোং

প্রোঃ রতনলাল জৈন

পোঃ জঙ্গিপুর (মুর্শিদাবাদ)

ফোন জঙ্গিঃ ১০°, রঘু ২৭

জমি ও বাড়ী বিক্রয়

রঘুনাথগঞ্জ ফাঁসিতলায় ডাঃ ৺পার্ব্বতী মুখার্জীর বাড়ীর ঠিক সামনে রাস্তার উপর বাড়ীসহ জায়গা বিক্রয় হইবে। (যাহা পূর্বে সিদ্ধেশ্বর উপাধ্যায়ের হোটেল ছিল)

যোগাযোগ করুন—

কুমুদ রঞ্জন দাস, অ্যাডভোকেট

জঙ্গিপুর কোর্ট

রঘুনাথগঞ্জ (পিন—৭৪২২২৫) পণ্ডিত প্রেস হইতে অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।